Humayun Azad Quotes – Part (2)

1

পৃথিবী জুড়ে প্রতিটি নরনারী এখন মনে করে তাদের জীবন ব্যর্থ;
কেননা তারা অভিনেতা বা অভিনেত্রী হতে পারেনি

2

পাকিস্তানিদের আমি অবিশ্বাস করি, যখন তারা গোলাপ নিয়ে আসে, তখনও

3

বাঙালি আন্দোলন করে,
সাধারণত ব্যর্থ হয়,
কখনো কখনো সফল হয়;
এবং সফল হওয়ার পর মনে থাকে না কেনো তারা আন্দোলন করেছিলো

4

যে বুদ্ধিজীবী নিজের সময় ও সমাজ নিয়ে সন্তুষ্ট, সে গৃহপালিত পশু

5

পাকিস্তানিদের আমি অবিশ্বাস করি, যখন তারা গোলাপ নিয়ে আসে, তখনও

6

কোন দেশের লাঙলের রূপ দেখেই বোঝা যায় ওই দেশের মেয়েরা কেমন নাচে,
কবিরা কেমন কবিতা লেখেন,
বিজ্ঞানীরা কি আবিষ্কার করেন,
আর রাজনীতিকেরা কতোটা চুরি করে

7

যারা ধর্মের বৈজ্ঞানিক ব্যাখ্যা দেয়, তারা ধার্মিকও নয়,
বিজ্ঞানীও নয়।
শুরুতেই স্বর্গ থেকে যাকে বিতারিত করা হয়েছিলো,
তারা তার বংশধর

8

যতোদিন মানুষ অসৎ থাকে,
ততোদিন তার কোনো শত্রু থাকে না;
কিন্তু যেই সে সৎ হয়ে উঠে,

তার শত্রুর অভাব থাকে না

9

এদেশে সবাই শিক্ষানুরাগী ও সমাজসেবক :
দারোগার শোকসংবাদেও লেখা হয়,
‘তিনি শিক্ষানুরাগী ও সমাজসেবক ছিলেন’

10

শিল্পকলা হচ্ছে নিরর্থক জীবনকে অর্থপূর্ণ করার ব্যর্থ প্রয়াস

11

মূর্তি ভাঙতে লাগে মেরুদন্ড, মূর্তিপূজা করতে লাগে মেরুদন্ডহীনতা

12

সৌন্দর্য রাজনীতির থেকে সব সময়ই উৎকৃষ্ট

13

বাঞ্ছিতদের সাথে সময় কাটাতে চাইলে বই খুলুন,
অবাঞ্ছিতদের সাথে সময় কাটাতে চাইলে টেলিভিশন খুলুন

14

স্তবস্তুতি মানুষকে নষ্ট করে।
একটি শিশুকে বেশি স্তুতি করুন,
সে কয়েকদিনে পাক্কা শয়তান হয়ে উঠবে।
একটি নেতাকে স্তুতি করুন,
কয়েকদিনের মধ্যে দেশকে সে একটি একনায়ক উপহার দেব

15

ধনীরা যে মানুষ হয় না,
তার কারণ ওরা কখনো নিজের অন্তরে যায় না।
দুঃখ পেলে ওরা ব্যাংকক যায়,
আনন্দে ওরা আমেরিকা যায়।
কখনো ওরা নিজের অন্তরে যাতে পারে না,
কেননা অন্তরে কোনো বিমান যায় না

16

রাজনীতি ও সংস্কৃতি সম্পুর্ণ বিপরীত বস্তু ; একটি ব্যাধি অপরটি স্বাস্থ্য

17

আগে প্রতিভাবানেরা বিদেশ যেতো; এখন প্রতিভাবানেরা নিয়মিত বিদেশ যায়

18

বিশ্বের নারী নেতারা নারীদের প্রতিনিধি নয়; তারা সবাই রুগ্ন পিতৃতন্ত্রের প্রিয় সেবাদাসী

19

নিজের নিকৃষ্ট কালে চিরশ্রেষ্ঠ ব্যক্তিদের সঙ্গ পাওয়ার জন্য রয়েছে বই;
আর সমকালের নিকৃষ্ট ব্যক্তিদের সঙ্গ পাওয়ার জন্যে রয়েছে টেলিভিশন ও সংবাদপত্র

20

কোন বাঙালি আজ পর্যন্ত আত্মজীবনী লেখে নি,
কেননা আত্মজীবনী লেখার জন্যে দরকার সততা। বাঙালির আত্মজীবনী হচ্ছে শয়তানের লেখা ফেরেশতার আত্মজীবনী

21

কারো প্রতি শ্রদ্ধা অটুট রাখার উপায় হচ্ছে তার সাথে কখনো সাক্ষাৎ না করা

22

“ মানুষের তুলনায় আর সবই ক্ষুদ্র :
আকাশ তার পায়ের নিচে,
চাঁদ তার এক পদক্ষেপের দূরত্বে,
মহাজগত তার নিজের বাড়

23

পুরুষ তার পুরুষ বিধাতার হাতে লিখিয়ে নিয়েছে নিজের রচনা;

বিধাতা হয়ে উঠেছে পুরুষের প্রস্তুত বিধানের শ্রুতিলিপিকর

24

কারো প্রতি শ্রদ্ধা অটুট রাখার উপায় হচ্ছে তার সাথে কখনো সাক্ষাৎ না করা

25

রবীন্দ্রনাথের নোবেল পুরস্কার পাওয়ার দরকার ছিলো না,

কিন্তু দরকার ছিলো বাঙলা সাহিত্যের। পুরস্কার না পেলে হিন্দুরা বুঝতো না যে রবীন্দ্রনাথ বড়ো কবি;

আর মুসলমানেরা রহিম, করিমকে দাবি করতো বাঙলার শ্রেষ্ঠ কবি হিশেবে

26

প্রতিটি বিজ্ঞাপনে পণ্যটির থেকে পণ্যাটি অনেক লোভনীয়;

তাই ব্যর্থ হচ্ছে বিজ্ঞাপনগুলো।

দর্শকেরা পণ্যের থেকে পণ্যাটিকেই কিনতে ও ব্যবহার করতে অধিক আগ্রহ বোধ করে

27

প্রতিটি দগ্ধ গ্রন্থ সভ্যতাকে নতুন আলো দেয়

28

বাঙালি মুসলমানের এক গোত্র মনে করে নজরুলই পৃথিবীর একমাত্র ও শেষ কবি।
তাদের আর কোনো কবির দরকার নেই

29

বাঙলায় তরুণ বাবরালিরা খেলারাম,
বুড়ো বাবরালিরা ভণ্ডরাম

30

ক-বইয়ের-পাঠক সম্পর্কে সাবধান

31

অভিনেত্রীরাই এখন প্রাতঃস্মরণীয় ও সর্বজনশ্রদ্ধেয়

32

আর পঞ্চাশ বছর পর আমাকেও ওরা দেবতা বানাবে;

আর আমার বিরুদ্ধে কোনো নতুন প্রতিভা কথা বললে ওরা তাকে ফাঁসিতে ঝুলোব

33

আমি এতো শক্তিমান আগে জানা ছিলো না।

আজকাল মিত্র নয়,

শত্রুদের সংখ্যা দেখে আত্মবিশ্বাস ফিরে পাই।

34

হায় ! থাকতো যদি একটি লম্বা পাঞ্জাবি,

আমিও খ্যাতি পেতাম মহাপণ্ডিতের

35

পৃথিবী জুড়ে প্রতিটি নরনারী এখন মনে ক'রে তাদের জীবন ব্যর্থ; কেননা তারা অভিনেতা বা অভিনেত্রী হ'তে পারে নি

36

বাস্তব কাজ অনেক সহজ অবাস্তব কাজের থেকে;

আট ঘন্টা একটানা শ্রম গাধাও করতে পারে,

কিন্তু একটানা এক ঘন্টা স্বপ্ন দেখা রবীন্দ্রনাথের পক্ষেও অসম্ভব

37

একটি নির্বোধ তরুণীর সাথেও আধ ঘণ্টা কাটালে যে-জ্ঞান হয়,
আরিস্ততলের সাথে দু-হাজার বছর কাটালেও তা হয় না

38

খুব ভেবে চিনতে মানুষ আত্মসমর্পণ করে,
আর অনুপ্রাণিত মুহূর্তে ঘোষণা করে স্বাধীনতা

39

বাঙলাদেশের রাজনীতিকেরা স্থূল মানুষ,
তারা সৌন্দর্য বোঝে না ব'লে গণতন্ত্রও বোঝে না;
শুধু লাইসেন্স-পারমিট-মন্ত্রীগিরি বোঝ

40

এমন এক সময় আসে সকলেরই জীবনে যখন ব্যর্থতাগুলোকেই মনে হয় সফলতা,
আর সফলতাগুলোকে মনে হয় ব্যর্থতা

41

মহিলাদের ঘ্রাণশক্তি খুবই প্রবল।
আমার এক বন্ধুপত্নী স্বামীর সাথে টেলিফোনে আলাপের সময়ও তার স্বামীর মুখে হুইস্কির ঘ্রাণ পান।

42

চারাগাছেও মাঝেমাঝে ফোটে ভয়ংকর ফুল

43

অধিকাংশ সুদর্শন পুরুষই আসলে সুদর্শন গর্দভ;
তাদের সাথে সহবাসে একটি দুষ্প্রাপ্য প্রাণীর সাথে সহবাসের অভিজ্ঞতা হয়

44

হিন্দুবিধানে পুরুষ দ্বারা দূষিত না হওয়া পর্যন্ত নারী পরিশুদ্ধ হয় না!

45

উচ্চপদে না বসলে এদেশে কেউ মূল্য পায় না।
সক্রেটিস এদেশে জন্ম নিলে তাঁকে কোনো একাডেমির মহাপরিচালক পদের জন্যে তদ্বির চালাতে হতো।

Humayun Azad More Quotes:

- Humayun azad Quotes Part 1
- Humayun azad Quotes Part 3

- Humayun azad Quotes Part 4
- Humayun azad Quotes Part 5
- Humayun azad’s Bangla Quotes Image